# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়
# ময়মনসিংহ

## রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
## এবং
## সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
### এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

# সূচিপত্র


বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র........................................................... ৩

উপক্রমণিকা................................................................................................................ ৮

সেকশন-১ ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি..........................................................................৯

সেকশন-২ ঃ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা, প্রশিক্ষণ ও সম্প্রসারণ কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)...........................................................১৩

সেকশন-৩ ঃ কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি ও কর্মকৃতির নির্দেশকসমূহ এবং লক্ষ্যমাত্রাসমূহ............১৫

সংযোজনী-১ ঃ অ্যাক্রোনিম-এর তালিকা...........................................................................১৭

সংযোজনী -২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ..........................................................................................................১৮

সংযোজনী ৩ ঃ অন্য মন্ত্রণালয়/ বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ.................................১৯

দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ .........................................................................২০

# বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of the Bangladesh Agricultural University)

উন্নত মানসম্মত উচ্চতর কৃষিশিক্ষা ও গবেষণা ব্যবস্থা নিশ্চয়তা বিধানের মাধ্যমে দেশের কৃষি উন্নয়নের গুরুদায়িত্ব বহনে সমর্থ তাত্ত্বিক ও ব্যবহারিক জ্ঞানসম্পন্ন দক্ষ কৃষিবিদ, কৃষিবিজ্ঞানী ও প্রযুক্তিবিদ তৈরি ও সরবরাহ করার লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে **১৯৬১** সনে ময়মনসিংহে প্রতিষ্ঠিত হয় **বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়**। এটি মূলত একটি আবাসিক বিশ্ববিদ্যালয় এবং কৃষি ও সংশ্লিষ্ট সকল বিজ্ঞানের শাখায় শিক্ষাদান, পরীক্ষা পরিচালনা, ডিগ্রী প্রদান ও অধিভুক্তি প্রদানের জন্য ক্ষমতাপ্রাপ্ত প্রতিষ্ঠান।

বর্তমানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম ছয়টি অনুষদের আওতায় ৪৩টি শিক্ষা বিভাগ এবং ২টি ইনস্টিটিউটের তত্ত্বাবধানে পরিচালিত হয়ে থাকে। বিশ্ববিদ্যালয়ে কোর্স-ক্রেডিট-সেমিস্টার ভিত্তিক **স্নাতক পর্যায়ে** ৭ (সাত)টি ডিগ্রী প্রদান করা হয়। **স্নাতকোত্তর পর্যায়ে** মোট ৪০টি শিক্ষা বিভাগ ও ২টি ইনস্টিটিউটের মাধ্যমে একটানা তিন সেমিস্টারে বিন্যস্ত কোর্স-ক্রেডিট ও গবেষণা ভিত্তিক এম.এস. ডিগ্রী কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। বিশ্ববিদ্যালয়ের ৩৮টি বিভাগ হতে **পিএইচডি ডিগ্রী** প্রদান করা হয়ে থাকে। এই বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত জামালপুর জেলার মেলান্দহে অবস্থিত শেখ ফজিলাতুন্নেছা মুজিব ফিশারিজ কলেজ রয়েছে।

বর্তমানে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিক্ষক সংখ্যা ৫৫৭, এঁদের মধ্যে **৩১৫** জন প্রফেসর, ৭**১** জন সহযোগী প্রফেসর, এবং **১২১** ও ৫০ জন যথাক্রমে সহকারী প্রফেসর ও লেকচারার। মোট শিক্ষকের দুই তৃতীয়াংশই উচ্চতর প্রশিক্ষণপ্রাপ্ত, এদের মধ্যে ৩৭২ জন পিএইচ.ডি. ডিগ্রীধারী। বর্তমানে স্নাতক পর্যায়ে ৪৮২২, স্নাতকোত্তর পর্যায়ে ১৪৭৫ এবং পিএইচডি পর্যায়ে ৪১৫ জন শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে। অপরদিকে এযাবৎ বিশ্ববিদ্যালয় থেকে ২৬,৩৭১ জন স্নাতক, ১৭,২৩০ জন স্নাতকোত্তর এবং ৬১৭ জন পিএইচ.ডি ডিগ্রী লাভ করেছেন।

বিশ্ববিদ্যালয়ের প্রকল্প গবেষণা কার্যক্রম পরিচালিত হয়ে থাকে **বাকৃবি রিসার্চ সিস্টেম (বাউরেস)** এর তত্ত্বাবধানে। বাউরেস-এর ব্যবস্থাপনায় প্রায় **১**২০০টি গবেষণা প্রকল্প ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। এগুলোর মাধ্যমে উন্নত জাত, উৎপাদন ব্যবস্থাপনা, কৃষি যান্ত্রীকায়ন সংশ্লিষ্ট প্রায় এক হাজার নতুন প্রযুক্তি উদ্ভাবিত হয়েছে, যার উল্লেখযোগ্য অংশ বিভিন্ন সময়ে মাঠ পর্যায়ে অবমুক্ত করা হয়।

**গ্র্যাজুয়েট ট্রেনিং ইনস্টিটিউট (জিটিআই)** এর মাধ্যমে ফাউন্ডেশন প্রশিক্ষণসহ বিজ্ঞান ও প্রযুক্তির বিভিন্ন বিষয় নিয়ে নিয়মিতভাবে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।

**বাকৃবি সম্প্রসারণ কেন্দ্র (বাউএক)** এর তত্ত্বাবধানে সম্প্রসারণ ও প্রযুক্তি হস্তান্তর বিষয়ে মাঠকর্মী ও আদর্শ চাষীদের হাতেকলমে প্রশিক্ষণ দেয়া হয়। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ, ইনস্টিটিউট, সেন্টার, বিভাগ, ব্যুরো ও প্রকল্পের ব্যবস্থাপনাতেও বিভিন্ন ধরনের স্বল্পমেয়াদি প্রশিক্ষণ দেয়া হয়ে থাকে।

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

### সাম্প্রতিক অর্জনসমূহ

সরকারের ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০)-এর সাথে সামঞ্জস্য রেখে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ (এসডিজি) সফলভাবে বাস্তবায়নের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তারই ধারাবাহিকতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কারিগরি, প্রকৌশল ও বিজ্ঞান সংশ্লিষ্ট বিভিন্ন কর্মসূচি সহ বিশ্ববিদ্যালয়ে যুগোপযোগী নতুন নতুন বিভাগ খোলা, কোর্স কারিকুলার আধুনিকায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পাশাপাশি শিক্ষা সুবিধাবলির উন্নয়ন ও বিনির্মাণ এবং সকলের জন্য নিরাপদ, শান্তিপূর্ণ, অন্তর্ভুক্তিমূলক ও কার্যকর শিক্ষা পরিবেশ বজায় রাখার ওপর গুরুত্বারোপ করা হচ্ছে। সে প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ে উচ্চ শিক্ষায় ছাত্র-ছাত্রীর ভর্তির হার দ্রুত বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে ৪২% ছাত্রী রয়েছে। তাছাড়া, বিভিন্ন পর্যায়ে **১১** জন বিদেশি শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে। অপরদিকে বিগত তিন বছরে বিশ্ববিদ্যালয় থেকে **১৬৫৭** জন স্নাতক, **২০২১** জন স্নাতকোত্তর এবং **১১৯** জন পিএইচ.ডি ডিগ্রী লাভ করেছেন।

বিশ্ববিদ্যালয়ে শিক্ষার গুণগতমান উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন বিষয়ের কোর্স-কারিকুলা ও সিলেবাসের আধুনিকায়ন, ইন্টার-ডিসিপ্লিনারি সেন্টার ফর ফুড সিকিউরিটি (আইসিএফ) ও ইনস্টিটিউট অভ্ এগ্রিবিজনেস অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (আইএডিএস) এর মাধ্যমে এমএস ডিগ্রী কোর্স প্রদান, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুইরেন্স সেল (আইকিউএসি) এর মাধ্যমে শিক্ষা ও গবেষণার মান উন্নয়ন নিশ্চিতকরণ এবং আইসিটি সেল প্রতিষ্ঠার মাধ্যমে বিশ্ববিদ্যালয় চত্বরে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সুবিধা প্রদান করা হচ্ছে। এছাড়া, বিশ্ববিদ্যালয়ে হাওর ও চর উন্নয়ন ইনস্টিটিউট স্থাপন করা হয়েছে।

অবকাঠামোগত দিক থেকে বেগম রোকেয়া হল নামে একটি নতুন ছাত্রী হল নির্মাণ কাজ প্রায় সম্পন্ন হওয়ার পথে। এছাড়া, বিশ্ববিদ্যালয়ের জন্য ঢাকায় স্থায়ীভাবে ইনফরমেশন সেন্টার-কাম-অতিথি ভবন প্রতিষ্ঠার নিমিত্ত একটি ফ্ল্যাট ক্রয় করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষা ও গবেষণা কার্যে সহায়তা প্রদান করা ছাড়াও সরকারের নিয়ন্ত্রণাধীন বিএডিসিকে বিশ্ববিদ্যালয়ের কৃষি খামার থেকে বছরে প্রায় ৫৫০ টন বীজ ধান ও গম সরবরাহ করা হচ্ছে।

ছাত্র-ছাত্রীদের যাতে পড়াশোনার পাশাপাশি বিনোদন ও সংস্কৃতিমূলক কাজে অংশগ্রহণ করতে পারে সেজন্য ছাত্র-শিক্ষক কেন্দ্রের আওতায় বিনোদন সংঘ, সাহিত্য সংঘ, নাট্য সংঘ, সংগীত সংঘ, বিজ্ঞান সংঘ, ডিবেটিং ক্লাব এর আওতায় সংশ্লিষ্ট বিষয়ে প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে বলিষ্ঠ নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য স্কাউটিং ও বিএনসিসি-হতে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ করেছে। তাছাড়া, আন্তঃহল ও আন্তঃঅনুষদসহ আন্তঃবিশ্ববিদ্যালয় পর্যায়ে ফুটবল, ক্রিকেট, বাস্কেটবল, ভলিবল, হ্যান্ডবল ইত্যাদি খেলার আয়োজন করা হয়েছে। শিক্ষা কার্যক্রমে প্রায় সর্বক্ষণ ব্যাপৃত থাকা সত্বেও তারা এ সকল ক্ষেত্রেও বিশ্ববিদ্যালয় ও জাতীয় পর্যায়ে সফলতার স্বাক্ষর রেখেছে। সরকারের নির্দেশনা অনুযায়ী জঙ্গীবাদ, সন্ত্রাস ও মাদক বিরোধী বিভিন্ন কর্মসূচি এ বিশ্ববিদ্যালয়ে স্বতস্ফুর্তভাবে বাস্তবায়ন করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের সার্বিক আপডেট তথ্যাবলি HEMIS বা Higher Education Management Information System এর আওতায় নিয়মিতভাবে বিনিময় করা হচ্ছে। HEQEP-AIF উপ-প্রকল্পগুলোর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ শিক্ষা ও প্রশাসনিক কার্যক্রমকে ই-ব্যবস্থাপনার আওতায় নিয়ে আসার কাজ শুরু হয়েছে। বিশ্ববিদ্যালয়ের জন্য একটি ডিজিটাল মাস্টার প্ল্যান তৈরি করা হয়েছে যা বর্তমানে শিক্ষা ও অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগে অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে। অতি সাম্প্রতিককালে বিশ্ববিদ্যালয় কর্তৃক উদ্ভাবিত তিনটি প্রযুক্তি প্যাটেন্ট এর জন্য জাতীয় পর্যায়ে অনুমোদনের অপেক্ষায় রয়েছে।

কৃষি প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তরের ক্ষেত্রেও বিশ্ববিদ্যালয় বিভিন্ন সময়ে উল্লেখযোগ্য সংখ্যক জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার ও পদক লাভের গৌরব অর্জন করেন। এধরনের পুরস্কার ও পদকের মাঝে রাষ্টপতি ও বঙ্গবন্ধু জাতীয় কৃষি স্বর্ণপদক, মার্কেন্টাইল ব্যাংক স্বর্ণ পদক, বেগম জেবুন্নেসা-মাহবুবউল্লাহ্ ট্রাস্টের স্বর্ণপদক অন্যতম। সাম্প্রতিককালে বিশ্ববিদ্যালয় জার্মপ্লাজম সেন্টারের মাধ্যমে কৃষি গবেষণায় **'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার-১৪১৯'** স্বর্ণ পদক লাভের গৌরব অর্জন করে। তাছাড়া বাংলাদেশ ছাত্র কল্যাণ ট্রাস্ট এর পক্ষ থেকে এ বিশ্ববিদ্যালয়কে বিশ্বশান্তির জন্য শিক্ষা পুরস্কার এবং সহজ পদ্ধতিতে মাঠ পর্যায়ে খামারিরা কিভাবে ডিমের কুসুমের পুষ্টিমান যাচাই করতে পারবে সে প্রযুক্তি উদ্ভাবন জন্য মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষককে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন পুরষ্কার প্রদান করা হয়। এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের High Proficiency থাকার কারণে বিভিন্ন আন্তর্জাতিক প্রতিষ্ঠানে কনসালটেন্ট হিসেবে দায়িত্ব পেয়ে থাকেন।

## সমস্যা, চ্যালেঞ্জসমূহ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

১. আগামী ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন প্রবর্ধনের জন্য যাতে প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জন করতে পারে এবং সেই সাথে টেকসই জীবনযাত্রার মান ও টেকসই উন্নয়নের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, কারিগরি, প্রকৌশল ও বিজ্ঞান সংশ্লিষ্ট নতুন নতুন বিষয় খোলার উদ্যোগ গ্রহণ করা হবে। পাশাপাশি গবেষণার জন্যও বিষয় সংশ্লিষ্ট নতুন ল্যাবরেটরি প্রতিষ্ঠা করা হবে।

২. সরকার ঘোষিত রূপকল্প-২০২১ বাস্তবায়ের লক্ষ্যে যুগোপযোগী কোর্স/বিষয় খোলার বিষয়ে বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণার প্রয়োজনীয় সুবিধা ও অবকাঠামোর অভাব রয়েছে। কোর্স অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় জনবল ও অবকাঠামোগত সুবিধার ক্ষেত্রে ঘাটতি বিদ্যমান রয়েছে। এ বিষয়ে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের পূর্বাহ্ণ অনুমোদন প্রয়োজন রয়েছে।

৩. বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন পর্যায়ে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে আনুপাতিক হারে ছাত্রী সংখ্যা বৃদ্ধি পাওয়ায় যে আবাসিক সংকট সৃষ্ট হয়েছে, তা আশু নিরসনের ব্যবস্থা নেয়া প্রয়োজন। সে প্রেক্ষিতে, একটি ছাত্রী হল নির্মাণ করা অত্যন্ত জরুরি।

৪. ক্রমবর্ধমান বর্ধিত জনসংখ্যার খাদ্য ও পুষ্টির নিরাপত্তা বিধানের স্বার্থে বিশ্ববিদ্যালয়ের গবেষণায় গতি সঞ্চারের লক্ষ্যে গবেষণা খাতে আশু অধিকতর অর্থায়ন সুবিধা বৃদ্ধি করা দরকার। এ ব্যাপারে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ও শিক্ষা মন্ত্রণালয়ের সহযোগিতা একান্তভাবে কাম্য।

৫. বিশ্ববিদ্যালয়ে স্নাতক পর্যায়ে ছাত্র-ছাত্রী ভর্তির হার যেভাবে বৃদ্ধি পাচ্ছে সে ধারা অব্যাহত রাখার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। সেজন্য অবকাঠামোগত সুবিধাদি বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে।

৬. বিশ্ববিদ্যালয়ে উদ্ভাবিত প্রযুক্তি সরাসরি কৃষকের মাঝে ছড়িয়ে দেওয়াসহ দেশের কৃষির সার্বিক উন্নয়নে গুরুতপূর্ণ ভূমিকা রাখার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করা হবে।

৭. দ্বিপাক্ষিক সহযোগিতার আওতায় এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের উচচ শিক্ষার সুযোগ সৃষ্টি, ভিজিটিং প্রফেসারশিপের মাধ্যমে জ্ঞানের আদান প্রদান করা এবং দ্বিপাক্ষিক গবেষণা কার্য পরিচালনার ক্ষেত্রে আর্থিক সহায়তাসহ সার্বিকভাবে বিশ্ববিদ্যালয় উপকৃত হচেছ। সে প্রেক্ষিত বিবেচনায় দ্বিপাক্ষিক সহযোগিতার আওতা বৃদ্ধি করার উদ্যোগ করা হয়েছে।

৮. জ্ঞান বিজ্ঞানের উন্নয়ন ও পরিশীলনের লক্ষ্যে দেশ-বিদেশের বরেণ্য শিক্ষাবিদ, বিজ্ঞানী ও গবেষকদের উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ে কৃষি সংশ্লিষ্ট বিষয় ও উদ্ভাবিত প্রযুক্তি নিয়ে বিভিন্ন সেমিনার, ওয়ার্কশপের আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হবে।

বিশ্ববিদ্যালয় কর্তৃক গৃহীত বিভিন্ন উদ্যোগসমূহ পরিকল্পিতভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজন সংশ্লিষ্ট সকল মহলের ঐকান্তিক সহযোগিতা, সদিচ্ছা ও সমর্থন। সর্বোপরি যেটি প্রয়োজন, তাহলো সুষ্ঠুভাবে পরিকল্পনা বাস্তবায়নের অনুকূলে সম্মতিসহ সরকারের দিক থেকে প্রয়োজনীয় আর্থিক সহায়তাকল্পে সংশ্লিষ্ট খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধি ও বিশেষ মঞ্জুরী প্রদানের ব্যবস্থা গ্রহন।

**২০১৭-২০১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জন**

১. বাংলাদেশের কৃষি উন্নয়ন প্রক্রিয়ায় বলিষ্ঠ নেতৃত্ব দানে সক্ষম দক্ষ মানবসম্পদ তৈরির জন্য বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণা কার্যক্রমকে সর্বাধুনিক বৈজ্ঞানিক অগ্রগতির সাথে সামঞ্জস্যপূর্ণ করে তোলার চলমান উদ্যোগ অব্যাহত রাখা হবে।

২. গবেষণা প্রকল্প গ্রহণ ও পরিচালনায় টেকসই উন্নয়ন চাহিদাকে সামনে রেখে বিভিন্ন চাপ-সহিষ্ণু ফসলজাত ও ব্যবস্থাপনা প্রযুক্তি উদ্ভাবনার ওপর সমধিক গুরুত্বদান করা হবে এবং উদ্ভাবিত প্রযুক্তি মাঠ পর্যায়ে দ্রুত হস্তান্তরের উদ্যোগ নেয়া হচ্ছে।

৩. বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য পেশাগত প্রশিক্ষণ দানের ওপর বিশেষ জোর দেয়া হয়েছে।

৪. জাতীয় অ্যাক্রেডিটেশন কাউন্সিল (NAC) এ যুক্ত হওয়ার লক্ষ্যে দেশের কৃষি উন্নয়ন চাহিদার সাথে সামঞ্জস্য বিধান করে এ বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ে সকল অনুষদের কোর্স-কারিকুলাম পুনর্বিন্যাস করা হচ্ছে।

৫. বাংলাদেশ খাদ্য নিরাপত্তা কর্তৃপক্ষের (BFSA) চাহিদা অনুযায়ী দক্ষ বিজ্ঞানী ও কর্মকর্তা সরবরাহের জন্য বিশ্বখাদ্য সংস্থার (FAO) সহায়তায় এ বিশ্ববিদ্যালয়ে স্নাতক পর্যায়ে চার বছর মেয়াদি ডিগ্রী কোর্স প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬. বিশ্ববিদ্যালয়ের শিক্ষা-প্রশাসন সহ সার্বিক প্রশাসনিক ব্যবস্থায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য ই-গর্ভন্যান্স সিস্টেম গড়ে তোলার উদ্যোগ নেয়া হবে।

৭. বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমতিক্রমে বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো কৃষি অর্থনীতি বিভাগের অধীনে এমেরিটাস প্রফেসর নিয়োগ প্রদান করা হয়েছে।

৮. ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে আইপি ক্যামেরা স্থাপনের যে সিদ্ধান্ত গৃহীত হয়েছে, তা বাস্তবায়নের কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হবে।

৯. বিভিন্ন ল্যাব ও রিসার্চ-ল্যাবকে আধুনিক বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও সরঞ্জামাদিতে সমৃদ্ধ করার প্রচেষ্টা জোরদার করা হবে।

১০. বার্ষিক কর্মসম্পাদনের মূল্যায়ন নিয়মিতকরণসহ বিগত বছরসমূহের তথ্য সংবলিত একটি সমন্বিত বার্ষিক রিপোর্ট প্রণয়ন ও প্রকাশের ব্যবস্থা নেয়া হয়েছে।

১১. বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষা ও গবেষণা কার্যে সহায়তা প্রদান করা ছাড়াও সরকারের নিয়ন্ত্রনাধীন বিএডিসিকে কৃষি খামার থেকে বছরে প্রায় ৫৫০ টন বীজ ধান ও গম সরবরাহের বিষয়টি অব্যাহত রাখার প্রচেষ্টা জোরদার করা হবে এবং ভবিষ্যতে তা আরো বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

১২. বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধা ও কৃতিত্বের স্বীকৃতি হিসেবে বিশ্ববিদ্যালয়ে প্রবর্তিত বিভিন্ন ট্রাস্ট ও অ্যাওয়ার্ডের আওতায় স্বর্ণপদক, পুরষ্কার ও বৃত্তি প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৩. জিটিআই কর্তৃক কৃষি গবেষণা ও উন্নয়ন কার্যাবলিতে নিয়োজিত গ্রাজুয়েট কর্মকর্তা ও গবেষকদের চাকুরিকালীন প্রশিক্ষণসহ বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশনের অর্থায়নে পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের ফাউন্ডেশন ট্রেনিং প্রদান করে আসছে। ভবিষ্যতে আরো অধিক সংখ্যক গ্র্যাজুয়েট ও পেশাজীবী প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

১৪. Fasrication Laboratory প্রতিষ্ঠার কার্যক্রম দ্রুতগতিতে এগিয়ে চলছে। অত্র বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী ও অন্যান্য আগ্রহী ব্যক্তিবর্গ ছাড়াও ময়মনসিংহের বিভিন্ন স্থান থেকে আগত ছাত্র, শিক্ষক, গবেষক, ব্যবসায়ী, উদ্যোক্তা ও অন্যান্য আগ্রহী ব্যক্তিবর্গকে বিশ্ববিদ্যালয়ের Fasrication Laboratory ব্যবহারের মাধ্যমে তাদের Innovation Idea বাস্তবায়নের সুযোগ প্রদান করা হবে।

# উপক্রমণিকা (Preamble)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প **২০২১** এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর এর প্রতিনিধি হিসেবে
**রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ**

এবং

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান এর প্রতিনিধি হিসেবে
**সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন**

এর মধ্যে

**২০১৭ সালের জুন মাসের ১৯ তারিখে** এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

**এই চুক্তিতে স্বাক্ষরদানকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন ঃ**

# সেকশন-১

## ময়মনসিংহে অবস্থিত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

দেশের খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে দক্ষ কৃষিবিদ, কৃষিবিজ্ঞানী, প্রযুক্তিবিদ তৈরি ও সরবরাহ করা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

কৃষিবিজ্ঞানের সকল শাখায় গুণগত মানসম্মত ও যুগোপযোগী উচ্চতর শিক্ষাসহ গবেষণা, প্রযুক্তি উদ্ভাবন, হস্তান্তর এবং প্রশিক্ষণের ব্যবস্থা ও দ্বিপাক্ষিক সহযোগিতামূলক উদ্যোগ গ্রহণ করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বিশ্ববিদ্যালয়ে নতুন বিভাগ, ইনস্টিটিউট ও সেন্টার স্থাপন

২. কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রসারের লক্ষ্যে উচ্চতর কৃষি শিক্ষার আধুনিকায়নসহ সার্বিক মানোন্নয়ন

৩. ভৌত অবকাঠামোগত সংস্কার, নির্মাণ ও উন্নয়ন

৪. ল্যবরেটরিসমূহ বিশ্বমানের সমৃদ্ধকরণ

৫. গবেষণার মানোন্নয়ন, প্রযুক্তি উদ্ভাবন এবং আন্তর্জাতিক নেটওয়ার্ক তৈরি

৬. কারিগরি প্রশিক্ষণ ও দক্ষ মানবসম্পদ উন্নয়ন

৭. সম্প্রসারণও প্রযুক্তি হস্তান্তর কর্মসূচির উন্নয়ন

৮. উচ্চ শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণে কর্মকৃতি মূল্যায়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. বিশ্ববিদ্যালয়ের কোর্স-কারিকুলাম যুগোপযোগী করার মাধ্যমে টেকসই লক্ষ্যমাত্রা বাস্তবায়নে এবং উন্নত বিশ্বের সাথে প্রতিযোগিতায় টিকে থাকার লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি ভিত্তিক দক্ষ কৃষিবিদ, কৃষিবিজ্ঞানী, প্রযুক্তিবিদ তৈরি করা।

২. জাতীয় চাহিদার আলোকে বিশ্ববিদ্যালয়ে নতুন নতুন জ্ঞান-বিজ্ঞান ও প্রযুক্তি সম্পর্কিত বিষয়াদি কারিকুলামে অন্তর্ভুক্ত করা।

৩. বিশ্ববিদ্যালয়কে কৃষি শিক্ষা ও গবেষণার উৎকর্ষ কেন্দ্র হিসেবে উন্নীতকরণের মাধ্যমে প্রশিক্ষিত ও দক্ষ মানবসম্পদ সৃষ্টি এবং দেশের খাদ্য নিরাপত্তা ও পুষ্টি পরিস্থিতির সার্বিক উন্নয়নে কার্যকর অবদান রাখা।

৪. প্রতিযোগিতামূলক বিশ্বব্যবস্থার উপযোগী গবেষণা পরিচালনা, প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর, প্রশিক্ষণ ও সম্প্রসারণকে একটি মজবুত ভিত্তির ওপর স্থাপন করা।

৫. বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য দেশে ও বিদেশে উচ্চতর প্রশিক্ষণের সুবিধা বৃদ্ধি এবং শিক্ষা ও গবেষণা ক্ষেত্রে অধিকতর উন্নয়নের জন্য জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান ও সংস্থার সঙ্গে দ্বিপাক্ষিক/বহুপাক্ষিক ও যৌথ সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণ করা।

৬. কৃষি সংশ্লিষ্ট বিজ্ঞানের সকল শাখায় কোর্স-সেমিস্টার ভিত্তিক স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে যুগোপযোগী, উন্নত ও মানসম্মত শিক্ষা কার্যক্রম কোর্স পরিচালনা এবং গবেষণা ভিত্তিক পিএইচ.ডি পর্যায়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা, পরীক্ষা গ্রহণ, ডিগ্রী প্রদান ও প্রয়োজনীয় ক্ষেত্রে অধিভুক্তি (affiliation) প্রদান করা।

৭. বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, ইনস্টিটিউট ও অধিভুক্ত প্রতিষ্ঠানের বার্ষিক কর্মসম্পাদনের অভ্যন্তরীণ মূল্যায়ন করা।

৮. বিশ্ববিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন, সংস্কার ও সংরক্ষণমূলক কার্যক্রম পরিচালনাসহ অধিকতর উন্নয়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সমন্বিত পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা।

৯. সরকারের ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০)-এর সাথে সামঞ্জস্য রেখে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ সফলভাবে বাস্তবায়নসহ জাতীয় ও আন্তর্জাতিক চাহিদার প্রতিফলন ঘটিয়ে বিশ্ববিদ্যালয়ের সকল প্রকল্প-গবেষণা, সম্প্রসারণ ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা।

১০. বিশ্ববিদ্যালয়ের সকল পর্যায়ে বার্ষিক কর্মসম্পাদন ও অর্জনের অভ্যন্তরীণ মূল্যায়ন প্রথা চালু করা এবং বার্ষিক কর্মসম্পাদনের মূল্যায়ন সংবলিত রিপোর্ট প্রকাশের ব্যবস্থা গ্রহণ।

১১. বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার গুণগতমান উন্নয়নের লক্ষ্যে জাতীয় অ্যাক্রেডিটেশন কাউন্সিলের চাহিদা অনুযায়ী আত্মমূল্যায়ন (Self-assessment), ভোক্তা-মূল্যায়ন (Consumers' assessment) ও অভ্যন্তরীণ মূল্যায়ন প্রথা চালু করা।

১২. শিক্ষা ও গবেষণার সুবিধা বৃদ্ধির লক্ষ্যে সর্বাধুনিক সুবিধা সংবলিত গবেষণাগার, গবেষণা ফার্ম, ওয়ার্কশপ ও গ্রন্থাগারকে অধিকতর সমৃদ্ধ করা।

১৩. বিশ্ববিদ্যালয়ের বিপুল কর্মকাণ্ড পরিকল্পিতভাবে পরিচালনার জন্য উন্নয়ন ও রেকারিং খাতে প্রয়োজনীয় সরকারি অনুদান চাহিদা নিরূপণসহ অভ্যন্তরীণ আয় বৃদ্ধির উদ্যোগ গ্রহণ।

১৪. পরিবেশ বিপর্যয় ও প্রাকৃতিক দুর্যোগে আপৎকালীন জরুরি কৃষি সংশ্লিষ্ট সেবা ও সহায়তা প্রদান।

১৫. বিভিন্ন পর্যায়ে ও বিভিন্ন অবয়বে সম্প্রসারণ ও জাতিগঠনমূলক কার্যক্রম সংগঠন ও তত্ত্বাবধানসহ সরকারি ও বেসরকারি কর্মকর্তা এবং আদর্শ চাষীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে উদ্ভাবিত কৃষি প্রযুক্তি হস্তান্তর ও হাতে-কলমে প্রশিক্ষণ দান।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর মহোদয়ের প্রতিনিধি হিসেবে আমি, রেজিস্ট্রার, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ -- বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান মহোদয়ের প্রতিনিধি হিসেবে আমি, সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা -- বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত ঃ

.........................................　　　　　　　　১৯.০৬, ২০১৭

রেজিস্ট্রার　　　　　　　　　　　　　　　　তারিখ

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ

.........................................　　　　　　　　১৯.০৬.২০১৭

সচিব　　　　　　　　　　　　　　　　　　তারিখ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# সেকশন-২

## বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা, প্রশিক্ষণ ও সম্প্রসারণ কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত ** | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১. স্নাতক পর্যায়ে ছাত্র-ছাত্রী ভর্তির হার | বৃদ্ধির হার | শতাংশ | ২০.০১ (১২০১) | ০.০৮ (১২০২) | ১.৫০ (১২২০) | ০.৮২ (১২৩০) | ০.৮১ (১২৪০) | বিমক ও বাকৃবি'র ছয়টি অনুষদ | বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বাজেট চাহিদার রিপোর্ট |
| ২. স্নাতকোত্তর পর্যায়ে ছাত্র-ছাত্রী ভর্তির হার | বৃদ্ধির হার | শতাংশ | -০.৪ (৮৩১) | ৭.৯৪ (৮৯৭) | ০.৩৩ (৯০০) | ৩.৩৩ (৯৩০) | ২.১৫ (৯৫০) | বিমক ও বাকৃবি'র উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটির তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা বিভাগ ও ইনস্টিটিউট | বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বাজেট চাহিদার রিপোর্ট |
| ৩. পিএইচ.ডি পর্যায়ে ছাত্র-ছাত্রী ভর্তির হার | বৃদ্ধির হার | শতাংশ | ২৪.৫ (৬১) | -২৬.২৩ (৪৫) | ১১.১১ (৫০) | ২০.০০ (৬০) | ৮.৩৩ (৬৫) | বিমক ও বাকৃবি'র উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটির তত্ত্বাবধানে সংশ্লিষ্ট শিক্ষা বিভাগ | বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বাজেট চাহিদার রিপোর্ট |
| ৪. স্নাতক, স্নাতকোত্তর ও পিএইচ.ডি ডিগ্রীধারী হার | * বৃদ্ধির হার | শতাংশ | ০.৯ (১৩২৬) | -৪.৯৮ (১২৬০) | ৭.১৪ (১৩৫০) | ৩.৭০ (১৪০০) | ৩.৫৭ (১৪৫০) | বিমক ও বাকৃবি | বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের প্রতিবেদন ও বাজেট চাহিদার রিপোর্ট |
| ৫. পেশাগত ডিপ্লোমা ডিগ্রী কোর্সে ভর্তির হার | বৃদ্ধির হার | শতাংশ | ১২.৮ (৫৩) | -৯.৪৩ (৪৮) | ১৪.৫৮ (৫৫) | ৯.০৯ (৬০) | ৮.৩৩ (৬৫) | বিমক ও বাকৃবি'র পিজিডি -ইন-আইসিটি এবং আইসিএফ | বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বাজেট চাহিদার রিপোর্ট |
| ৬. উচ্চ শিক্ষায় ছাত্রী ভর্তির হার *** | বৃদ্ধির হার | শতাংশ | ৩.২ (৮৫০) | ১০.৫৯ (৯৪০) | ২.১৩ (৯৬০) | ০.০০ (৯৬০) | ৪.১৭ (১০০০) | বিমক ও বাকৃবি'র ছয়টি অনুষদ এবং উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি | বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বাজেট চাহিদার রিপোর্ট |

* এ বিশ্ববিদ্যালয় থেকে প্রদত্ত ডিগ্রী পেশাগত ডিগ্রী। স্নাতকোত্তর ও পিএইচ.ডি পর্যায়ে ভর্তির আসন নির্ধারিত নয়। এছাড়া, একজন শিক্ষার্থী স্নাতক পর্যায়ে নির্ধারিত সেমিস্টারের চেয়ে অতিরিক্ত ছয় সেমিস্টার, স্নাতকোত্তর পর্যায়ে নির্ধারিত সেমিস্টারের চেয়ে অতিরিক্ত দুই সেমিস্টার এবং পিএইচ.ডির ক্ষেত্রে নির্ধারিত সময়ের চেয়ে অতিরিক্ত তিন বৎসর সময় ডিগ্রী সম্পন্ন করার সুবিধা ভোগ করে থাকেন। ফলে বিভিন্ন কোর্সে সেমিস্টার সংখ্যা ও সময়ের তারতম্য হেতু সংশ্লিষ্ট বর্ষে পরীক্ষার ফলাফলে তার প্রতিফলন ঘটে থাকে।

** বন্ধনীভুক্ত সংখ্যা দ্বারা প্রকৃত সংখ্যা বোঝানো হয়েছে।

*** সংশ্লিষ্ট শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র সংখ্যার অনুপাতে ছাত্রী সংখ্যা এবং অব্যবহিত পূর্ববর্তী বছরের তুলনায় বৃদ্ধির হার শতাংশে প্রদর্শিত।

# সেকশন-৩

# কৌশলগত উদ্দেশ্যসমূহ, কার্যাবলি ও কর্মকৃতির নির্দেশকসমূহ এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্ম-সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যসমূহ/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) 2018-19 | প্রক্ষেপণ (Projection) 2019-20 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১. বিশ্ববিদ্যালয়ে নতুন বিভাগ, ইনস্টিটিউট ও সেন্টার স্থাপন | ৮০ | ১.১ নতুন ইনস্টিটিউট/সেন্টার চালুকরণ | ১.১.১ ইনস্টিটিউট/ সেন্টার | সংখ্যা | ২ | ১ | ১ | ২ | - | - | - | - | - | - |
| | | ১.২ নতুন বিভাগ চালুকরণ | ১.২.১ বিভাগ | সংখ্যা | ৩ | - | - | ১ | - | - | - | - | ২ | - |
| ২. কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রসারের লক্ষ্যে উচ্চতর কৃষি শিক্ষার আধুনিকায়নসহ সার্বিক মানোন্নয়ন | | ২.১ কারিকুলাম, কোর্স ও সিলেবাস যুগোপযোগীকরণ | ২.১.১ কোর্স ও সিলেবাস | সংখ্যা | ৫ | - | ২ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ২ | - |
| | | ২.২ স্নাতকোত্তর ও পিএইচ.ডি পর্যায়ে গবেষণা পরিচালনা | ২.২.১ ডিগ্রী গবেষণা পরিচালনা | সংখ্যা | ৫ | ৭৯০ | ৭৪৮ | ৭৫০ | ৭২০ | ৭০০ | ৬৮০ | ৬৭০ | ৭৬০ | ৭৬৫ |
| | | ২.৩ গ্রন্থাগার সমৃদ্ধকরণ | ২.৩.১ বই ও জার্নাল | সংখ্যা | ৩ | ১২৭৯ | ১৪১৮ | ১৪০০ | ১৩৮০ | ১৩৫০ | ১৩২০ | ১৪১৮ | ১৪২৫ | ১৪৩০ |
| | | ২.৪ শিক্ষাতিরিক্ত কার্যক্রম পরিচালনা | ২.৪ .১ ক্রীড়া,সাহিত্য সংস্কৃতি ও অন্যান্য | সংখ্যা | ২ | ৯ | ১০ | ১৫ | ১২ | ১০ | ৮ | ৬ | ১৭ | ১৯ |
| ৩. ভৌত অবকাঠামোগত সংস্কার, নির্মাণ ও উন্নয়ন | | ৩.১ ভৌত অবকাঠামো সংস্কার ও নির্মাণ | ৩.১.১ অবকাঠামো | সংখ্যা | ৫ | ০৬ | | ০৯ | ০৮ | ০৭ | ০৬ | ০৫ | ০৪ | ০৭ |
| | | ৩.২ বিভিন্ন হল, অফিস ও ক্লাসরুমের জন্য আসবাবপত্র সরবরাহ | ৩.২.১ আসবাবপত্র | সংখ্যা | ৪ | ১৫০০ | ১৬০০ | ১৬০০ | ১৫৫০ | ১৫০০ | ১৪৫০ | ১৪০০ | ১৬০০ | ২০০০ |
| | | ৩.৩ পরিবহণ ব্যবস্থার উন্নয়ন | ৩.৩.১ পরিবহণ | সংখ্যা | ২ | ৩ | ৪ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৭ |
| | | ৩.৪ বোটানিক্যাল গার্ডেন ও জার্মপ্লাজম সেন্টার সমৃদ্ধকরণ | ৩.৪.১ সংযোজন | সংখ্যা | ২ | ৯২ | ২০৬ | ২৫০ | ২৪০ | ২৩০ | ২২০ | ২১০ | ৩০০ | ৩০০ |
| | | ৩.৫ কৃষি ও মৎস্য মিউজিয়াম সমৃদ্ধকরণ | ৩.৫.১ সংযোজন | সংখ্যা | ২ | ১৪৫ | ৭৩ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ | ৯৫ | ৯০ |
| ৪. ল্যবরেটরিসমূহ বিশ্বমানের সমৃদ্ধকরণ | | ৪.৪ বিভিন্ন বিভাগ, রিসার্চ-ল্যাব, ফিল্ড ল্যাব ও ওয়ার্কশপে যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সরবরাহ | ৪.৪.১ যন্ত্রপাতি ও সরঞ্জাম | সংখ্যা | ৫ | ৭৬ | ৮০ | ৮৫ | ৮৩ | ৮২ | ৮০ | ৭৮ | ৯০ | ৯৬ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্ম-সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যসমূহ/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) 2018-19 | প্রক্ষেপণ (Projection) 2019-20 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ৫. গবেষণার মানোন্নয়ন, প্রযুক্তি উদ্ভাবন এবং আন্তর্জাতিক নেটওয়ার্ক তৈরি | ৮০ (ধারাবাহিক) | ৫.১ নতুন প্রকল্প গবেষণা পরিচালনা | ৫.১.১ নতুন প্রকল্প | সংখ্যা | ৪ | | ২৮৭ | ১৯০ | ১৮০ | ১৭৫ | ১৭০ | ১৬৫ | ১৯৫ | ২০৫ |
| | | ৫.১ নতুন প্রকল্প গবেষণা পরিচালনা | ৫.১.১ নতুন প্রকল্প | সংখ্যা | ৪ | | ২৮৭ | ১৯০ | ১৮০ | ১৭৫ | ১৭০ | ১৬৫ | ১৯৫ | ২০৫ |
| | | ৫.২ সমাপ্ত গবেষণা প্রকল্প | ৫.২.১ সমাপ্ত প্রকল্প | সংখ্যা | ৪ | | ১০৮ | ১০৮ | ১০৫ | ১০৩ | ১০০ | ৯৭ | ১২০ | ১২৫ |
| | | ৫.৩ প্রযুক্তি উদ্ভাবন | ৫.৩.১ প্রযুক্তি | সংখ্যা | ৪ | ৫৩ | ৩৩ | ৪৭ | ৪৫ | ৪২ | ৪০ | ৩৮ | ৪৬ | ৪৯ |
| | | ৫.৪ দ্বিপাক্ষিক সমঝোতা স্মারক | ৫.৪.১সমঝোতাস্মারক | সংখ্যা | ৩ | - | ২ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৬ | ৮ |
| ৬. কারিগরি প্রশিক্ষণ ও দক্ষ মানবসম্পদ উন্নয়ন | | ৬.১ ফাউন্ডেশন ট্রেনিংসহ চাকুরিকালীন ও চাকুরিপূর্ব প্রশিক্ষণ | ৬.১.১ প্রশিক্ষণ | সংখ্যা | ৫ | ৩৭ | ৩৮ | ৩৯ | ৩৮ | ৩৬ | ৩৫ | ৩২ | ৪০ | ৪১ |
| | | ৬.২ মাঠকর্মী ও আদর্শচাষীদের প্রশিক্ষণ | ৬.২.১ প্রশিক্ষণ | সংখ্যা | ৫ | ৩ | ৩ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| ৭. সম্প্রসারণও প্রযুক্তি হস্তান্তর কর্মসূচির উন্নয়ন | | ৭.১ প্রযুক্তি হস্তান্তরমূলক সম্প্রসারণ কর্মসূচি পরিচালনা | ৭.১.১ প্রযুক্তি হস্তান্তর | সংখ্যা | ৫ | ১১ | ১০ | ১৫ | ১৪ | ১৩ | ১২ | ১১ | ১৫ | ১৫ |
| ৮.উচ্চ শিক্ষার গুণগতমান নিশ্চিতকরণে কর্মকৃতি মূল্যায়ন | | ৮.১ IQAC এর মাধ্যমে একাডেমিক ও প্রশাসনিক কর্মসম্পাদনের ত্রৈমাসিক ও বার্ষিক মূল্যায়ন | ৮.১.১ মূল্যায়ন | সংখ্যা | ৫ | ১৮ | ২৮ | ২০ | ১৭ | ১৬ | ১৫ | ১২ | ২৪ | ২৪ |
| | | ৮.২ বার্ষিক রিপোর্ট প্রকাশ নিয়মিতকরণ | ৮.২.১ বার্ষিক রিপোর্ট | সংখ্যা | ৫ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রনালয়ে দাখিল | তারিখ | ১ | | | ১৯ এপ্রিল | ২২ এপ্রিল | ২৪ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | | |
| | | ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | | | ১৩ জুলাই | ১৫ জুলাই | ১৭ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | | |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | **ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত** | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্ম-সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন ২০১৫-১৬ | প্রকৃত অর্জন ২০১৬-১৭ | লক্ষ্যসমূহ/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ (Projection) 2018-19 | প্রক্ষেপণ (Projection) 2019-20 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবাষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | | | ২৪ জানুয়ারি | ২৬ জানুয়ারি | ২৮ জানুয়ারি | ২৯ জানুয়ারি | ৩০ জানুয়ারি | | |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১ | | | ৩ | ২ | ১ | - | - | | |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | ঘন্টা | ১ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ণ | ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠমো প্রণীত দাখিলকৃত | তারিখ | ১ | | | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - | | |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবিক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | - | - | | |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | | | প্রতি মাসের ১ম সপ্তাহ | প্রতি মাসের ২য় সপ্তাহ | প্রতি মাসের ৩য় সপ্তাহ | - | - | | |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | | | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ২০ ডিসেম্বর | | |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৪ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থার ই-ফাইলিং প্রবর্তিত | তারিখ | ১ | | | ২০ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ২৫ এপ্রিল | ৩০ মে | ২৯জুন | | |
| | | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | - | - | | |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যর মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্ম-সম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যসমূহ/নির্ণায়ক ২০১৭-১৮ (Target/Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) 2018-19 | প্রক্ষেপণ (Projection) 2019-20 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | | | | | | | | | | | |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | | | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - | | |
| | | | দপ্তর/সংস্থার কমপক্ষে ৩ টি সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | | | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - | | |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ২ | অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | | | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - | | |
| | | সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (Waiting room) এর ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১ | | | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | - | - | | |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৪ | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ৪ | | ৪৯ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫০ |

** ২০১৬-১৭ সনে ভৌত অবকাঠামো উন্নয়ন খাতে কোন সরকারি বরাদ্দ পাওয়া যায়নি।

# সংযোজনী -১

## অ্যাক্রোনিম-এর তালিকা

| *শব্দসংক্ষেপ (অ্যাক্রোনিম)* | | *বিবরণ* |
|---|---|---|
| Ag | : | এগ্রিকালচার |
| Ag. Econ. | : | এগ্রিকালচারাল ইকনমিক্স |
| Ag. Engg. | : | এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং |
| AH | : | এনিম্যাল হাজবেন্ড্রি |
| AIF | : | একাডেমিক ইনোভেশন ফান্ড |
| BAUEC | : | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সম্প্রসারণ কেন্দ্র |
| BAURES | : | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম |
| BdREN (বিডিরেন) | : | বাংলাদেশ রিসার্চ এ্যান্ড এডুকেশন নেটওয়ার্ক |
| BFRI | : | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট |
| BFSA | : | বাংলাদেশ খাদ্য নিরাপত্তা কর্তৃপক্ষ |
| BINA | : | বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট |
| BSc | : | ব্যাচেলর অভ্ সায়েন্স |
| BSERT | : | আর্থ-সামাজিক গবেষণা ও প্রশিক্ষণ ব্যুরো |
| CASR | : | উচ্চ শিক্ষা ও গবেষণা কমিটি |
| CRP | : | পক্ষাঘাতগ্রস্তদের পুনর্বাসন কেন্দ্র |
| DVM | : | ডক্টর অভ্ ভেটেরিনারি মেডিসিন |
| FAO | : | বিশ্ব খাদ্য সংস্থা |
| Food Engg. | : | ফুড ইঞ্জিনিয়ারিং |
| GTI | : | গ্র্যাজুয়েট ট্রেনিং ইনস্টিটিউট |
| HARDI | : | হাওর কৃষি গবেষণা ও চর উন্নয়ন ইনস্টিটিউট |
| HEMIS (হেমিস) | : | হায়ার এডুকেশন ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| HEQEP (হেকেপ) | : | হায়ার এডুকেশন কোয়ালিটি এনহ্যান্সমেন্ট প্রজেক্ট |
| IADS | : | ইনস্টিটিউট অভ্ এগ্রিবিজনেস অ্যান্ড ডেভেলপমেন্ট স্টাডিজ |
| ICF | : | ইন্টার-ডিসিপ্লিনারি সেন্টার ফর ফুড সিকিউরিটি |
| ICT | : | ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সেল |
| IP Camera | : | ইন্টারনেট প্রটোকল ক্যামেরা |
| IQAC | : | ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুইরেন্স সেল |
| MS | : | মাস্টার অভ্ সায়েন্স |
| NAC | : | জাতীয় অ্যাক্রেডিটেশন কাউন্সিল |
| PGD- in-ICT | : | পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন আইসিটি |
| PhD | : | ডক্টর অভ্ ফিলসফি |
| TTO | : | টেকনোলজি ট্রান্সফার অফিস |
| বাকৃবি | : | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় |
| বিমক | : | বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন |

# সংযোজনী - ২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি ও উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ভৌত অবকাঠামো উন্নয়ন | ছাত্রী হল নির্মাণ ও সুসজ্জিতকরণ, ল্যাব, ফিল্ড ল্যাব, খামার, লাইব্রেরি সমৃদ্ধকরণ, পুরাতন স্থাপনা সংস্কার ও উন্নয়ন | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় | বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট বই | |
| ২ | নতুন ইনস্টিটিউট/শিক্ষা বিভাগ চালুকরণ | হাওর কৃষি গবেষণা ও চর উন্নয়ন ইনস্টিটিউট সহ খাদ্য নিরাপত্তা বিষয়ক ডিগ্রী কোর্স প্রদানকল্পে একটি বিভাগ চালুর জন্য প্রয়োজনীয় ভৌত অবকাঠামো, জনবল, শিক্ষা ও গবেষণা সংশ্লিষ্ট সুবিধাদি প্রদান | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় | বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট বই | |
| ৩ | ক্যাম্পাস অটোমেশন ও ডিজিটাইজেশন | বিশ্ববিদ্যালয়ের শিক্ষা-প্রশাসনসহ প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনাকে ডিজিটাল ব্যবস্থার আওতার নিয়ে আসা এবং বিশ্ববিদ্যালয়ের তথ্যভাণ্ডার সমৃদ্ধ করা | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় | বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট বই | |
| ৪ | শিক্ষা ও গবেষণার গুণগত মান বৃদ্ধি এবং যুগোপযোগী প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর | বিশ্ববিদ্যালয়ের শিক্ষা, গবেষণা, প্রযুক্তি উদ্ভাবন ও হস্তান্তর, প্রশিক্ষণ ও সম্প্রসারণকে জাতীয় চাহিদার উপযোগীকরণ | বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় | বিমক-এ প্রেরিত বিশ্ববিদ্যালয়ের বার্ষিক প্রতিবেদন ও বার্ষিক বাজেট বই | |

# সংযোজনী - ৩

## অন্য মন্ত্রণালয়/ বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠনের সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগের চাহিদা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| ১. স্বায়ত্তশাসিত | বিমক ও শিক্ষা মন্ত্রণালয় | অবকাঠামো | পূর্ত কাজ | নতুন ভবন নির্মাণ/সম্প্রসারণ, পুরাতন স্থাপনা সংস্কার, উন্নয়ন | ৯০% | বাজেট স্বল্পতা |
| ২. স্বায়ত্তশাসিত | বিমক ও শিক্ষা মন্ত্রণালয় | উচ্চতর শিক্ষা ও গবেষণার বরাদ্দ বৃদ্ধি | শিক্ষা ও গবেষণার উন্নয়ন ও যুগোপযোগীকরণ | গবেষণার ক্ষেত্র সম্প্রসারণ ও গুণগত মান উন্নয়ন | ৯০% | বাজেট স্বল্পতা |
| ৩. স্বায়ত্তশাসিত | বিমক ও শিক্ষা মন্ত্রণালয় | পরিবহণ সুবিধা বৃদ্ধি | নতুন গাড়ি ক্রয়, সংরক্ষণ ও মেরামতি | শিক্ষা ও প্রশাসনিক কাজে গতিশীলতা সঞ্চার | ৯০% | বাজেট স্বল্পতা |